

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬০৮

১/ বিবিধ

আরবী

ليؤمكم أحسنكم وجهاً، فإنه أحرى أن يكون أحسنكم خلقاً، وقوا بأموالكم عن
أعراضكم، وليصانع أحدكم بلسانه عن دينه
موضوع

رواه ابن عدي (2 / 97) وعنه ابن عساكر (1 / 64 / 5) عن حسين بن المبارك
الطبراني: حدثنا إسماعيل بن عياش عن هشام بن عروة عن أبيه عن عائشة مرفوعاً.
وقال ابن عدي: "حسين هذا حدث بأسانيد ومتون منكراً عن أهل الشام". ونقل
الذهبي وتبعه المناوي عنه أعني ابن عدي أنه قال فيه: "متهم". ولم أجد هذا في
نسختنا من "الكامل" ثم ساق له الذهبي حديثاً قال عقبه
وهذا كذب". وتقدم الكلام عليه برقم (191). والحديث أورده ابن الجوزي في "
الموضوعات" (1 / 100) من طريق الحضرمي: حدثنا حسان بن يوسف التميمي
حدثنا محمد بن مروان عن هشام بن عروة به وقال: "موضوع". الحضرمي مجهول،
ومحمد بن مروان السدي كذاب، وتابعه حسين بن المبارك عن إسماعيل بن عياش
عن هشام، والبلاء من حسين، فإنه يحدث بمنكرات". والحديث رواه الديلمي من
طريق الحسين هذا، كما في "اللآلي" (2 / 22). ورواه ابن عساكر (15 / 240 / 1)
من طريق محمد بن صبح بن يوسف: حدثنا إسماعيل بن محمد بن عبد الله بن أبي
البحترى عن هشام بن عروة به. أورده في ترجمة محمد بن صبح ولم يذكر فيه جرحاً
ولا تعديلاً، ومن بينه وبين هشام لم أعرفهم، وسكت السيوطي عنه! ثم ذكر له شاهداً

من حديث عمرو بن أخطب نحوه، وسأتكلم عليه عقب هذا إن شاء الله تعالى.
واعلم أنه ليس في الشرع ما يدل على أن هناك ارتباطا بين حسن الوجه وحسن
الخلق، فقد يتلازمان وقد ينفكان، وقد روى أحمد في " مسنده " (3 / 492) أن أبا
لهب لعنه الله كان وضيء الوجه من أجمل الناس، بل قال ابن كثير: " وإنما سمي أبا
لهب لإشراق وجهه " ومع ذلك فقد كان من أسوء خلق الله خلقا، وأشدهم إيذاء
لرسول الله صلى الله عليه وسلم، وازدراء به كما هو مشهور عنه، وقد صح عنه صلى
الله عليه وسلم قوله: " إن الله لا ينظر إلى صوركم، ولا إلى أجسامكم، ولا إلى
أموالكم، ولكن ينظر إلى قلوبكم وأعمالكم " رواه مسلم وغيره

বাংলা

৬০৮। তোমাদের ইমামতি করবে তোমাদের মধ্যে সর্বাধিক সুন্দর চেহারার অধিকারী ব্যক্তি। কারণ তোমাদের মধ্যে তার চরিত্রই উত্তম হওয়ার কথা। আর তোমাদের ধন-সম্পদ দ্বারা তোমাদের খ্যাতিকে রক্ষা কর। তোমাদের কোন ব্যক্তি যেন তার যবানকে তার দ্বীনের ব্যাপারে নরম করে।

হাদীছটি জাল।

এটি ইবনু আদী (২/৯৭) এবং তার থেকে ইবনু আসাকির (৫/৬৪/১) হুসাইন ইবনুল মুবারাক আত-তাবরানী হতে তিনি ইসমাঈল ইবনু আইয়াশ হতে ...বর্ণনা করেছেন।

ইবনু আদী বলেনঃ এই হুসাইন শামবাসীদের থেকে মুনকার সনদ এবং মুনকার ভাষা দ্বারা হাদীছ বর্ণনা করেছেন। ইমাম যাহাবী এবং মানবী উভয়ে ইবনু আদী হতে নকল করেছেন, তিনি বলেনঃ তিনি মিথ্যার দোষে দোষী। কিন্তু আমি (আলবানী) “আল-কামিল” গ্রন্থের আমাদের কপিতে পাচ্ছি না। অতঃপর যাহাবী তার আরেকটি হাদীছ উল্লেখ করে বলেছেনঃ এটি মিথ্যা। সেটি সম্পর্কে ১৯১ নং হাদীছে আলোচনা করা হয়েছে। হাদীছটি ইবনুল জাওয়ী “আল-মাওয়ুআত” (১/১০০) গ্রন্থে হাযরামীর সূত্রে হাসসান ইবনু ইউসুফ আত-তামীমী হতে তিনি মুহাম্মাদ ইবনু মারওয়ান হতে ... বর্ণনা করে বলেছেনঃ এটি বানোয়াট। হাযরামী মাজহুল আর মুহাম্মাদ মিথ্যুক। হুসাইন ইবনুল মুবারাক ইসমাঈল ইবনু আইয়াশ হতে তার মুতাবা’য়াত করেছেন। কিন্তু সমস্যা হচ্ছে হুসানের মধ্যে। কারণ তিনি মুনকার হাদীছ বর্ণনা করেছেন।

হাদীছটি দাইলামী এই হুসাইন সূত্রেই বর্ণনা করেছেন। যেমনটি “আল-লাআলী” (২/২২) গ্রন্থে এসেছে।

ইবনু আসাকির (১৫/২৪০/১) মুহাম্মাদ ইবনু সুবহ সূত্রে ... বর্ণনা করেছেন। কিন্তু এই মুহাম্মাদের জীবনীতে ভাল-মন্দ কিছুই উল্লেখ করেননি। এ ছাড়া তার ও হিশামের মাবের বর্ণনাকারী ইসমাঈল ইবনু মুহাম্মাদকে আমি চিনি

না। সযুতীও তার ব্যাপারে চুপ থেকেছেন।

জেনে রাখুন! শরীয়তের মধ্যে এমন কিছুর প্রমাণ মিলে না যে, ভাল চেহারার সাথে ভাল চরিত্রের কোন সম্পর্ক রয়েছে। কখনও তা হতেও পারে আবার কখনও বিপরীতও হতে পারে। ইমাম আহমাদ তার "মুসনাদ" (৩/৪৯২) গ্রন্থে বর্ণনা করেছেন যে, আবু লাহাব (আল্লাহর অভিশাপ তার উপর)-এর চেহায়ায় উজ্জ্বলতা ছিল, সে লোকদের মধ্যে সর্বাপেক্ষা সুন্দর ছিল। ইবনু কাহীর বলেনঃ তার চেহায়ায় উজ্জ্বলতা থাকার কারণেই আবু লাহাব বলা হতো। অথচ চরিত্রের দিকে দিয়ে আল্লাহর সর্বাপেক্ষা নিকৃষ্ট সৃষ্টি ছিল।

সহীহ হাদীছে বলা হয়েছেঃ

إن الله لا ينظر إلى صوركم، ولا إلى أجسامكم، ولا إلى أموالكم، ولكن ينظر إلى قلوبكم وأعمالكم رواه مسلم وغيره

অর্থঃ 'আল্লাহ তা'আলা তোমাদের আকৃতি, তোমাদের শরীর ও তোমাদের ধন-সম্পদের দিকে দৃষ্টি দিবেন না। বরং তিনি তোমাদের অন্তর ও আমলের দিকে দৃষ্টি দিবেন। হাদীছটি ইমাম মুসলিম ও অন্য বিদ্বানগণ বর্ণনা করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71487>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন